ইত্তেফাক

তারিখ ... ২৭।৬।৭৯ ...

পৃষ্ঠা...

০৩৪

# প্রশ্নোত্তরে

( ইত্তেফাক রিপোর্ট )

জাতীয় সংসদের বাজেট অধিবেশনের প্রথম দিনে গতকাল (সোমবার) এক লিখিত প্রশ্নের জবাবে প্রধানমন্ত্রী শিক্ষামন্ত্রী শাহ আজিজুর রহমান বলেন, কুদরত ই খুদা কমিশনের রিপোর্টের কিছু কিছু সুপারিশ ইতিমধ্যে বাস্তবায়ন করা হইয়াছে। অন্যান্য সুপারিশ সরকারের বিবেচনাধীন রহিয়াছে এবং সেগুলি যথাযথ ক্ষেত্রে বাস্তবায়নের ব্যবস্থা গ্রহণ করা হইতেছে।

ডঃ কুদরত-ই খুদা কমিশনের রিপোর্টের উপর আওয়ামী লীগ (মালেক) দলীয় সদস্য জনাব এ, বি, এম তালেব আলীর প্রশ্নের জবাবে সংসদ নেতা আরও বলেন, খুদা কমিশনের রিপোর্ট ১৯৭৫ সালের ২০শে অক্টোবর আনুষ্ঠানিকভাবে প্রকাশ করা হইয়াছে।

প্রাথমিক শিক্ষা বাধ্যতামূলক করা হইতেছে কিনা এবং হইলে কবে নাগাদ করা হইবে—জনাব

( ৮ম পৃঃ ৬-এর কঃ দ্রঃ )

## প্রশ্নোত্তর

( ১ম পৃঃ পর )

তালেব আলীর অপর এক প্রশ্নের জবাবে শিক্ষা প্রতিমন্ত্রী জনাব আবদুল বাতেন বলেন, বিষয়টি সরকারের বিবেচনাধীন রহিয়াছে দ্বিতীয় পাঁচসালা পরিকল্পনা (১৯৮০-৮৫) সারাদেশে সার্বজনীন প্রাথমিক শিক্ষা প্রবর্তনের কথা বিবেচিত হইতেছে।

এ প্রসঙ্গে এক সম্পূরক প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী বলেন, প্রাথমিক শিক্ষা অবশ্যই বাধ্যতামূলক করা হইবে। কিছুদিনের মধ্যেই ইহা জানিতে পারিবেন।

জাতীয় শিক্ষা উপদেষ্টা পরিষদের কর্মশালা অনুষ্ঠানে কত টাকা খরচ হইয়াছে—আওয়ামী লীগ (মালেক) সদস্য জনাব মোঃ আসাদুজ্জামানের অপর এক প্রশ্নের জবাবে শিক্ষা প্রতিমন্ত্রী জনাব আবদুল বাতেন জানান, জাতীয় শিক্ষা উপদেষ্টা পরিষদের উদ্যোগে দেশের বিভিন্ন জেলা পর্যায়ে ১৯টি, বিভাগীয় ৪টি ও ঢাকায় কেন্দ্রীয় পর্যায়ে ১টি শিক্ষা কর্মশালা অনুষ্ঠিত হইয়াছে। জেলা ও বিভাগীয় কর্তৃপক্ষের নিকট হইতে হিসাব না পাওয়ায় প্রকৃত ব্যয় সম্পর্কে নির্দিষ্টভাবে বলা সম্ভব নহে। তবে ঢাকার কেন্দ্রীয় কর্মশালার বরাদ্দকৃত ১৫ হাজার টাকার মধ্যে ৬৯ হাজার ৫ শত ৫২ টাকা ১৫ পয়সা খরচ হইয়াছে। তিনি আরও বলেন, কর্মশালায় গৃহীত সুপারিশ বর্তমানে সরকারের বিবেচনাধীন আছে এবং গ্রহণযোগ্য সুপারিশসমূহ বাস্তবায়ন করা হইবে।

আওয়ামী লীগ (মালেক) সদস্য জনাব মোঃ লুৎফুর রহমানের এক প্রশ্নের জবাবে শিক্ষা প্রতিমন্ত্রী বলেন, ১৯৭৫ সালের ১৫ই আগষ্টের পর বাংলাদেশে যে সকল নূতন প্রাইমারী স্কুল স্থাপন করা হইয়াছে সেগুলির বিবরণ বিভাগীয় জনশিক্ষা উপপরিচালকদের দফতরে রেজিষ্ট্রেশন করা হইয়াছে ও হইতেছে। জেলাওয়ারী হিসাব সংগ্রহাধীন রহিয়াছে।

তিনি আরও বলেন, ১৯৭২ সাল হইতে ৭৫-এর ১৫ই আগষ্ট পর্যন্ত কত নূতন প্রাথমিক বিদ্যালয় স্থাপিত হইয়াছে উহার সঠিক সংখ্যা সংগ্রহ সময়সাপেক্ষ। তবে ১৯৭৩ সাল হইতে '৭৯ পর্যন্ত মোট ৩৬ হাজার ৬৬১টি প্রাথমিক বিদ্যালয় সরকারী নিয়ন্ত্রণে আনা হয়।

এসম্পর্কিত এক সম্পূরক প্রশ্নের জবাবে সংসদ নেতা ও শিক্ষামন্ত্রী বলেন, ১৯৭২ হইতে ৭৫-এর ১৫ই আগষ্ট পর্যন্ত কত নূতন প্রাথমিক স্কুল স্থাপিত হয় উহার সঠিক পরিসংখ্যান নাই। তবে চলতি অধিবেশনেই দেওয়া হইবে।

জনাব রাশেদ মোশাররফের এক প্রশ্নের জবাবে শিক্ষা প্রতিমন্ত্রী বলেন, ১৯৭৫ সাল হইতে '৭৯ সাল পর্যন্ত দেশের ১৯টি জেলায় মোট ৪৯৬টি বেসরকারী প্রাথমিক বিদ্যালয় সরকারীকরণ করা হইয়াছে। '৭৮-৭৯ সালে সরকারীকরণের কোন পরিকল্পনা নাই। অপর এক প্রশ্নের জবাবেশিক্ষা প্রতিমন্ত্রী বলেন, পিটিআই ট্রেনিংপ্রাপ্ত বেকারের সঠিক কোন পরিসংখ্যান নাই। তবে উক্ত কোর্সে যাঁহারা ভর্তি হন তাঁহাদের শতকরা ৮০ জন কর্মরত শিক্ষক ও অবশিষ্ট ২০ ভাগ বহিরাগত। শূন্যপদে কৃতকার্য বহিরাগতদের যথাযথ নির্বাচন ও প্যানেলভুক্তির মাধ্যমে নিয়োগ করা হয়।